গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(আইসিটি শাখা)
www.bhola.gov.bd

তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির
এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী
জেলা প্রশাসক, ভোলা।

সভার স্থান : জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময় : ৩০/০৪/২০২৩ খ্রি. বেলা - ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তাঁর অনুমোদনক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ভোলা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয়ে আলোচনা হয়। | ২। তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য জেলা/ উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | কমিটির সকল সদস্য |
| ০২ | মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে উপজেলা কমিটি প্রতি ০২ (দুই) মাস অন্তর সভা করত: সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য কমিশনে প্রেরণ পূর্বক অত্র কার্যালয়ে অনুলিপি প্রেরণ করার বিষয়ে সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলার দৃষ্টি আকর্ষণ করেন। | ৩। উপজেলা কমিটি প্রতি ০২ (দুই) মাস অন্তর সভা করতঃ সভার কার্যবিবরণী এই কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ভোলা। |
| ০৩ | তথ্য অধিকার আইন- ২০০৯ সম্পর্কে সাধারণ মানুষ আগের চেয়ে অনেক বেশি সচেতন এ আইন সম্পর্কে সাধারণ মানুষসহ সকলকে অধিক সচেতন করার জন্য নির্দিষ্ট সময় অন্তর অন্তর নানামুখী প্রচারণা চালানো প্রয়োজন। | ১। তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কে উপজেলা ভিত্তিক সভা, মাইকিং ও লিফলেট বিতরণসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা তথ্য অফিসার, ভোলা। |
| ০৪ | তথ্য অধিকার আইনে সকলের তথ্য প্রাপ্তির অধিকার রয়েছে। নারীরা যাতে তথ্য অধিকার আইনে তথ্য প্রাপ্তির আবেদন করতে উৎসাহী হয়, সে বিষয়ে করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য অধিকার আইনে নারীদের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে। | জেলার সকল সরকারি দপ্তরের প্রধান ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |
| ০৫ | তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি দাপ্তরিক ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | ৫। ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৫। খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে জেলা পর্যায়ের কর্মকর্তা, (সকল) দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে।<br>৫। গ) ভোলা জেলার সকল উপজেলা নির্বাহী | জেলা পর্যায়ের কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। ও সহকারী প্রোগ্রামার ভোলা। |

| | | | |
|---|---|---|---|
| | | অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়ের ওয়েবসাইট পরীক্ষা করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | |
| ০৬ | তথ্য অধিকার আইন অনুযায়ী সরকারি বেসরকারি সকল দপ্তরের ওয়েবসাইটে সেবামূলক সিটিজেন চার্টার হালনাগাদক্রমে প্রচার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন অনুযায়ী সরকারি বেসরকারি সকল দপ্তরের ওয়েবসাইটে সেবামূলক সিটিজেন চার্টার হালনাগাদক্রমে প্রচার কাযক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/ সহকারী প্রোগ্রামার জেলা কার্যালয়, ভোলা। |
| ০৭ | উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন সম্পর্কে সাধারণ মানুষ ও সরকারি-বেসরকারি লোকজন এখনও সচেতন নয়। তাই উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ডগুলোতে তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত লিফলেট বা ফেস্টুন প্রচার করার বিষয়ে জোর তাগিদ দেওয়া হয়। | ৭। উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে মূল্যবান পরামর্শ, গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/০৫/২০২৩

(মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি
ভোলা।

স্মারক নম্বর- ০৫.১০.০৯০০.০২৩.০৬.০০১.২২- ৮৩

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১০ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
০৬। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৭। জেলা প্রশাসক............... (সকল)।
০৮। জেলা পর্যায়ের কর্মকর্তা, (সকল), ভোলা।
০৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ভোলা।

১০/০৫/২৩

ভারপ্রাপ্ত কর্মকর্তা
জেলা প্রশাসকের কার্যালয়
ও
সদস্য সচিব
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি
ভোলা।